বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

স্কুল অব ল

গাজীপুর-১৭০৫।

আবেদনের
পূনঃনির্ধারিত তারিখ

## ৪ বছর মেয়াদি এলএল.বি. (অনার্স) প্রোগ্রাম

# ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬

### ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল-এর অধীনে ৪ বছর মেয়াদি এলএল.বি. (অনার্স) প্রোগ্রামের ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে প্রতিটি কোর্সের জন্য ২৪টি ক্লাস শুক্রবার ও শনিবার অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবে।

- এলএল.বি (অনার্স) মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স= ৩ ক্রেডিট)। রেজিস্ট্রেশনের মেয়াদ ০৮(আট) বছর পর্যন্ত বহাল থাকবে।
- প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদি ২টি সিমেস্টারে বিভক্ত। প্রতি সিমেস্টারে সাধারণত ৫টি কোর্সে রেজিস্ট্রেশন করতে হয়। শিক্ষার্থী প্রয়োজনে প্রতি সিমেস্টারে ন্যূনতম ০২টি কোর্সে রেজিস্ট্রেশন করতে পারবে। প্রতি সিমেস্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- মোট আসন সংখ্যা ১০০।

### ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা

- এলএল.বি. (অনার্স) প্রোগ্রামে আবেদনকারীদের এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় পৃথকভাবে ডিভিশন পদ্ধতিতে ৫০% নম্বর করে সেকেন্ড ডিভিশন অথবা জিপিএ পদ্ধতিতে ৩.৫০ (৫.০০ এর মধ্যে) এবং চতুর্থ বিষয় ব্যতীত ৩.০০ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

**স্টাডি সেন্টার: ঢাকা আঞ্চলিক কেন্দ্র, বাউবি।**

### প্রয়োজনীয় কাগজপত্র

- ২ কপি ছবি।
- এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদপত্র ও মার্কশীটের সত্যায়িত কপি।
- জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

### ভর্তি সংক্রান্ত তথ্য

শুধুমাত্র Online- এ আবেদন করা যাবে।

| | |
|---|---|
| আবেদনের সময় | : ২৬ জানুয়ারি, ২০২৬ থেকে ৭ এপ্রিল, ২০২৬ পর্যন্ত। |
| আবেদন ফি | : ৬০০/- (ছয়শত) টাকা। |
| লিখিত পরীক্ষার জন্য মনোনীতদের তালিকা | : ২০ এপ্রিল, ২০২৬। |
| লিখিত পরীক্ষার আসন বিন্যাস | : ২১ এপ্রিল, ২০২৬ এর পর বাউবি'র ওয়েবসাইট ও ঢাকা আঞ্চলিক কেন্দ্র থেকে জানা যাবে। |
| **লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান** | : **২৪ এপ্রিল, ২০২৬ (শুক্রবার); বিকাল ২:০০টা থেকে ৩:০০ টা পর্যন্ত। বাউবি'র মূল ক্যাম্পাস, বোর্ড বাজার, গাজীপুর।** |
| লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ | : ৩০ এপ্রিল, ২০২৬। |
| সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান | : ০৫ মে, ২০২৬; সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.৩০ টা পর্যন্ত; ডিনের কার্যালয়, স্কুল অব ল, বাউবি'র মূল ক্যাম্পাস, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫। |
| মেধা তালিকা প্রকাশ | : ০৮ মে, ২০২৬। |
| ভর্তি | : ১২ মে, ২০২৬ থেকে ০৩ জুন, ২০২৬ পর্যন্ত। |
| সর্বমোট ভর্তি ফি | : ১২,৫৬০/- (বারো হাজার পাঁচশত ষাট) টাকা। অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন। |
| ক্লাস শুরু | : পরবর্তীতে বাউবির ওয়েব সাইটে জানানো হবে। |

### ভর্তি পরীক্ষা পদ্ধতি

- বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা- ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও সাধারণ জ্ঞান: আন্তর্জাতিক বিষয়াবলি-২৫ নম্বর।
- পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।

## ফি বিভাজন ও প্রাসঙ্গিক তথ্যসমূহ

| ফি'র খাত | কোর্স সংখ্যা | ফি'র হার | প্রদেয় টাকার পরিমাণ |
|---|---|---|---|
| রেজিস্ট্রেশন ফি | ---- | ২০০/- | ২০০/- |
| কোর্স ফি (প্রতি কোর্স) | ০৫টি | ২১০০/- | ২১০০×৫=১০,৫০০ |
| পরীক্ষার ফি (প্রতি কোর্স) | ০৫টি | ৩০০/- | ১৫০০/- |
| সেমিস্টার নম্বরপত্র ফি | ----- | ১০০/- | ১০০/- |
| ডিজিটাল/প্লাস্টিক আইডি কার্ড ফি | ----- | ২০০/- | ২০০/- |
| একাডেমিক ক্যালেন্ডার ফি | ------- | ৫০/- | ৫০/- |
| রোভার স্কাউট ফি | | ১০/- | ১০/- |
| | | মোট টাকা= | ১২,৫৬০/- |

## আবেদন প্রক্রিয়া:

- যে কোন ব্রাউজারের Address bar-এ https://osapsnew.bou.ac.bd টাইপ করে ব্রাউজ করুন। Offered Programs সেকশন এর অধীনে School of Law (SOL)-এ ক্লিক করে LLB (Honours) প্রোগ্রামের পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন।
- LLB (Honours) প্রোগ্রামে ভর্তি নির্দেশনাবলী গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন।
- অনলাইন-এ আবেদন ফরমটি General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন। Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো (৩০০×৩০০ JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (৩০০×১০০ JPG Format) আপলোড করে Next বাটনে ক্লিক করুন।
- Academic Information ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information ধাপে সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ইমেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে।
- Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যেকোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইলের মাধ্যমে অবহিত করা হবে।
- LLB (Honours) প্রোগ্রামে ভর্তির আবেদন ফি ৬০০/- (ছয়শত) টাকা। তবে এক্ষেত্রে প্রযোজ্য অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন।
- কোনো সমস্যা হলে প্রয়োজনে ০৩(তিন) কার্য দিবসের মধ্যে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবিতে যোগাযোগ করতে হবে। Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদনপত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ২৬ জানুয়ারি, ২০২৬ থেকে ১০ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (৪/ক, গভঃ ল্যাবরেটরি রোড, ধানমন্ডি ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে জমা দিতে হবে।
- আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র নির্বাচিতরাই লিখিত পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে।

**ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।**

**Helpline: Available Time: 8:30 am to 4:30 pm;**
**01618977237, 01907451612 (Monday to Friday)**

কিউআর কোড স্ক্যান করে সকল তথ্য জানা যাবে

অধ্যাপক ড. নাহিদ ফেরদৌসী
সভাপতি, সংশ্লিষ্ট ভর্তি কমিটি
ও ডিন, স্কুল অব ল
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫।